

বইছে

অমিত কুমার মাঝি

ছড়ানো-ছিটানো কাঠ-বাঁশ-লাঠি,
 আর খড় বা টিনের আয়তকার জিনিস।
 দড়ি-দড়া বা পেরেক আছে তাতে।
 এদিকে-ওদিকে ছড়ানো-ছিটানো মৃতদেহ,
 গন্ধ বের হচ্ছে না... খুব ছোট্ট ছেলে
 তার মধ্যে হাত-পা ছুঁড়ছে... এক দল
 কুকুর এসে তাকে ভাগাভাগি করে নিল।
 অলিতে-গলিতে ছেঁড়া কাটা রমণীর লাশ,
 বাসি নয়, টাটকা... কিছু দূরেই গাড়ির শব্দ—
 পুলিশ আসার... জনতার চিৎকার শোনা যাচ্ছে।
 মাঝেমাঝেই মিছিল-মিটিং-গাড়ির ছোট্টছুটি...
 আর রক্তপাত।
 ‘নতুন শক্তিশালী জাতি গড়ব’ – শুনছি মাঝেমাঝেই।
 ভাবলাম, এসবের পরিবর্তন করতেই হবে।
 রক্ত আমার গরম হয়েছে, চুলগুলো খাড়া।
 এগোতে গিয়ে দেখি বিছানা থেকে উঠছি... ও, স্বপ্ন।
 কিন্তু বাতাস বইছে বাইরে।